

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৩৯]

১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ আল্লাহ ছাড়া অন্য কেউ জানে না বৃষ্টি কখন হবে

باب لَا يَدْرِي مَتَى يَجِيءُ الْمَطَرُ إِلَّا اللَّهُ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ مِفْتَاحُ الْغَيْبِ خَمْسٌ لَا يَعْلَمُهَا إِلَّا اللَّهُ: لَا يَعْلَمُ أَحَدٌ مَا يَكُونُ فِي غَدٍ، وَلَا يَعْلَمُ أَحَدٌ مَا يَكُونُ فِي الْأَرْحَامِ، وَلَا تَعْلَمُ نَفْسٌ مَاذَا تَكْسِبُ غَدًا، وَمَا تَدْرِي نَفْسٌ بِأَيِّ أَرْضٍ تَمُوتُ، وَمَا يَدْرِي أَحَدٌ مَتَى يَجِيءُ الْمَطَرُ. (بخارى: ৫৫২)

বাংলা

৫৫২) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ গায়েবের চাবি পাঁচটি, আল্লাহ ছাড়া কেউ তা জানে না। আগামীকাল কি হবে আল্লাহ ছাড়া তা কেউ জানে না। মাতৃগর্ভে কি আছে তা আল্লাহ ছাড়া কেউ জানে না। ব্যক্তি আগামীকাল কি অর্জন করবে তা অবগত নয়। কোন ব্যক্তিই জানে না কোন্‌ যমিনে সে মৃত্যু বরণ করবে। বৃষ্টি কখন হবে তা কেউ জানে না।

টিকাঃ যদি প্রশ্ন করা হয় আজকাল ডাক্তারগণও তো বলে দিতে পারে মাতৃগর্ভে ছেলে সন্তান আছে? না মেয়ে সন্তান? উত্তর হল সন্তানের গঠন পূর্ণ হওয়ার পরই ডাক্তারগণ যন্ত্রের সাহায্যে তা বলতে পারে। গঠন পূর্ণ হওয়ার পূর্বে তা বলতে পারেনা। তাছাড়া ডাক্তারগণ শুধু ছেলে না মেয়ে এটি বলতে পারে। সন্তান সৌভাগ্যবান হবে না হতভাগ্য হবে? তার চরিত্র ভাল হবে না মন্দ হবে এ সমস্ত বিষয় আল্লাহ ছাড়া কেউ জানেনা। মেঘ দেখে আমরা বলতে পারি বৃষ্টি আসার সম্ভাবনা আছে। কিন্তু বৃষ্টি হবেই নিশ্চিতরূপে এ কথা কেউ বলতে পারবেনা।

## English

Except Allah nobody nobody knows when it will rain

Narrated Ibn `Umar:

Allah's Messenger (ﷺ) said, "Keys of the unseen knowledge are five which nobody knows but Allah . . . nobody knows what will happen tomorrow; nobody knows what is in the womb; nobody knows what he will gain

tomorrow; nobody knows at what place he will die; and nobody knows when it will rain."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89850>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন